দৈনিক ইনকিলাব

তারিখ ... 26 FEB 2012
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ......

# দুই লক্ষাধিক শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

## অনুমতি দিতে আশু হস্তক্ষেপ কামনা

ফরিদপুর জেলা সংবাদদাতা

২০০৯ সালে দেশে প্রথমবারের মত জেএসসি পরীক্ষার প্রবর্তন করা হয় যা ২০১০ সালে কার্যকরী বলে প্রবর্তিত আইন ও বিধিতে বলা আছে। ২০০৯ সালে ৮ম শ্রেণী (জেএসসি ছাড়া) পাস করে নবম শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থী যারা ২০১০ সালে নবম শ্রেণী চূড়ান্ত পরীক্ষা না দিয়েও ২০১১ সালে নবম শ্রেণীতে থাকে। অর্থাৎ নবম শ্রেণীতে ২ বছর থাকে সেসব শিক্ষার্থীদের নবম শ্রেণীতে রেজিস্ট্রেশনের জন্য ২০১১ সালে সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড জেএসসি শিক্ষার্থীদের সাথে টর্ট তালিকায় (টর্ট লিস্ট) প্রেরণ করা হয়। কিন্তু সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড শুধুমাত্র জেএসসি পাস ছাত্র-ছাত্রীদের নবম শ্রেণীতে অনলাইন রেজিস্ট্রেশন করে ২০১২ সালের প্রথমদিকে। ইতোমধ্যে জেএসসি পাস এবং নন জেএসসি পাস শিক্ষার্থীরা ২০১২ সালের জানুয়ারি মাসে ১০ম শ্রেণীতে উন্নীত হয় এবং নিয়মতান্ত্রিকভাবে ক্লাসে উপস্থিত থেকে লেখাপড়া চালিয়ে যাচ্ছে। নতুন শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের প্রাক্কালে, মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছিলেন যে, নতুন শিক্ষা ব্যবস্থায় সেভিং ক্লস থাকবে যাতে ২০১২ সালের নবম শ্রেণীতে জেএসসি এবং নন জেএসসি সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সুযোগ দেয়া হবে। ২০১১ সালে জেএসসি পাস শিক্ষার্থীদের নবম শ্রেণীতে রেজিস্ট্রেশন হওয়া এবং নন জেএসসি শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন না হওয়া (যারা বর্তমানে ১০ম শ্রেণীতে অধ্যয়নরত) একদিকে যেমন শিক্ষার্থীসহ অভিভাবকদের মধ্যে চরম হতাশা বিরাজ করছে। খবর নিয়ে জানা গেছে, খোদ ঢাকা শিক্ষাবোর্ড নন জেএসসি শিক্ষার্থীদের সংখ্যা (যারা নিয়মতান্ত্রিক পদ্ধতিতে টর্ট লিস্টভুক্ত হয়েছে) প্রায় ৩০,০০০ (ত্রিশ হাজার)। এই হিসাবে দেশের সব শিক্ষাবোর্ডে নন জেএসসি টর্ট লিস্ট ভুক্ত শিক্ষার্থীদের সংখ্যা প্রায় ২,০০,০০০ (দুই লাখ)। বর্তমানে দেশে এসএসসি পরীক্ষা চলছে এবং এসএসসি পরীক্ষার পরে দেশের প্রায় সব শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক স্কুলে) প্রথম সাময়িক পরীক্ষা হবে। কিন্তু উল্লেখিত নন জেএসসি শিক্ষার্থীদের নবম শ্রেণীতে রেজিস্ট্রেশন না হওয়ায় তাদের মধ্যে চরম হতাশাসহ শিক্ষা জীবন বিপন্ন হতে চলেছে। শিক্ষা মানুষের মৌলিক অধিকারসমূহের মধ্যে একটি কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ের নীরবতার ফলে কিংবা সিদ্ধান্তহীনতার ফলে দেশের প্রায় দুই লক্ষাধিক শিক্ষার্থীর ২০১৩ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ প্রায় অনিশ্চিত হয়ে পড়েছে। ফলে তাদের শিক্ষা জীবন অকালে ধ্বংস হওয়ার আশংকা দেখা দিয়েছে। এই গুরুত্বসম্পন্ন বিষয় সুষ্ঠু সমাধান অর্থাৎ ২০১১ সালে নন জেএসসি শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের অনুমতি দিতে দুই লক্ষাধিক শিক্ষার্থী, অভিভাবকসহ সমগ্র দেশবাসী মাননীয় প্রধানমন্ত্রীর আশু হস্তক্ষেপ বিনীতভাবে কামনা করছে।